



## ‘Mental Health First Aid’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস ২০২৩ উপলক্ষে ১২ অক্টোবর ২০২৩-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কাউন্সেলিং সেন্টারের আয়োজনে উপাচার্যের কনফারেন্স রুমে ‘Mental Health First Aid’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কাউন্সেলিং সেন্টার পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. নূর মোহাম্মাদের সভাপতিত্বে সেমিনারে বিশ্ববিদ্যালয়ের সকল ইনস্টিটিউট ও বিভাগের ছাত্র উপদেষ্টাবৃন্দ উপস্থিত ছিলেন।

রিসোর্স পার্সন হিসেবে ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের শিশু বিকাশ কেন্দ্রের সিনিয়র শিশু মনোবিজ্ঞানী ও সাইকোথেরাপিস্ট জনাব ফায়েজা আহমেদ, মনোবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক শামীমা আক্তার এবং জনাব বিজন বাড়ে।